যায়যায়দিন
১৯৮৪ থেকে

# উত্তরা ইউনিভার্সিটিতে ভর্তি মেলা

যায়যায়দিন ডেস্ক

০৯ জানুয়ারি ২০২৫, ০০:০০




ছবি: যায়যায়দিন

উত্তরা ইউনিভার্সিটিতে স্থায়ী ক্যাম্পাসে শুরু হয়েছে ভর্তি মেলা স্প্রিং-২০২৫। বুধবার (৮ জানুয়ারি) সকাল ১১টায় ভর্তি মেলার উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা। ১৪ দিন ব্যাপী শুরু হওয়া এই মেলা চলবে আগামী ২১ জানুয়ারি পর্যন্ত।

বিশ্ববিদ্যালয়ের মাল্টিপারপাস হলরুমে মেলা উপলক্ষে বিভিন্ন বিভাগের ১৪টি স্টল ও বিভিন্ন ক্লাবের প্রদর্শণসহ মোট ২৭ স্টল রয়েছে। যেখানে সকল স্নাতক প্রোগ্রামে ২৫-১০০ শতাংশ স্কলারশীপ এবং সকল স্নাতকোত্তর প্রোগ্রামে ২৫-৫০% শতাংশ স্কলারশীপে ভর্তি চলছে। এ মেলায় ভর্তি হলে শিক্ষার্থীরা স্পেশাল স্কলারশীপের পাশাপাশি আকর্ষণীয় ব্যাগ ও অন্যান্য উপহার পাবে।

মেলা উপলক্ষে প্রতিষ্ঠানটির ভাইস-চ্যান্সেলর বলেন, ‘উত্তরা ইউনিভার্সিটিতে উচ্চশিক্ষা গ্রহণের জন্য ৪০টি প্রোগ্রাম চালু রয়েছে এবং আমাদের মোটো হচ্ছে ‘এক্সিলেন্স ইন হায়ার এডুকেশন এন্ড রিসার্চ’। এবারের ভর্তি মেলা স্প্রিং-২০২৫ উপলক্ষে ভর্তি ফি ও টিউশন ফিতে নানাবিধ সুযোগ ও স্কলারশীপ দিচ্ছি।’

ভর্তি মেলা স্প্রিং-২০২৪ এর উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটি উপ-উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামীসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, ডিরেক্টর, শিক্ষক ও শিক্ষার্থী।